

তাগিদ পত্র

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
মনিটরিং-১ শাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

নথি নং-৪৬.০৯৯.০১৬.০০.০০.০০১.২০১৮-০৪

তারিখঃ ০৪-০৪-২০১৮খ্রিঃ।


বিষয়ঃ ১২ পৌষ ১৪২৪/২৬ ডিসেম্বর ২০১৭ তারিখে অনুষ্ঠিত জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক) সভার অনুমোদিত কার্যবিবরণীর সিদ্ধান্ত বাস্তবায়ন।

সূত্রঃ মনিটরিং-১ শাখার স্মারক নং-৪৬.০৯৯.০১৬.০০.০০.০০১.২০১৮-৪৬, তারিখঃ ১১-০৩-২০১৮খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রের আলোকে গত ১২ পৌষ ১৪২৪/২৬ ডিসেম্বর ২০১৭ তারিখে অনুষ্ঠিত জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক) সভার অনুমোদিত কার্যবিবরণী প্রেরণ করা হয়েছিল। কার্যবিবরণীতে বর্ণিত সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে i) এলজিইডি'র চলমান প্রকল্প কিভাবে মনিটরিং করা হয়, ii) একনেক সভার সিদ্ধান্ত "এলজিইডি'র আওতাধীন গ্রামীণ অবকাঠামো উন্নয়ন কাজের গুণগতমান নিশ্চিত করার লক্ষ্যে নিবিড় মনিটরিং জোরদার করতে হবে" এ বিষয়টি বাস্তবায়নের লক্ষ্যে কি কি পদক্ষেপ গ্রহণ করা যায় এবং iii) সার্বিক মনিটরিং কার্যক্রম জোরদারকরণের সুপারিশমালা তৈরীপূর্বক প্রেরণের জন্য অনুরোধ করা হয়েছিল, যা অদ্যাবধি পাওয়া যায়নি।

এমতাবস্থায়, আগামী ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে বর্ণিত তথ্যাদি প্রেরণের জন্য নির্দেশক্রমে পুনরায় অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ ----- পাতা।


০৪.০৪.২০১৮
(ড. গোলাম মোঃ ফারুক)
উপসচিব

ফোন : ৯৫১৪৬১১

ইমেইলঃ monl@lgd.gov.bd

প্রধান প্রকৌশলী

এলজিইডি, আগারগাঁও, ঢাকা।

অনুলিপিঃ

- ১। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।
- ২। মহাপরিচালক (মইই উইং) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ।